

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৭৫৪-বিচার-৩/১ডি-০৫/২০০৯,

তারিখঃ ২১ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ।
০৬ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।

প্রজ্ঞাপন

যেহেতু, জামালপুরের সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ, বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), জনাব মোঃ সিরাজুল ইসলাম এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে- অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৫/২০০৯ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ সিরাজুল ইসলাম এর কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে তাঁর প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে- অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত হয়।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী জামালপুরের সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ, বর্তমানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), জনাব মোঃ সিরাজুল ইসলাম-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৫/২০০৯ নং বিভাগীয় মামলায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(এ), ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে- অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমানার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী তাঁকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


স্বাঃ-
(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং-৭৫৪-১(১১)-বিচার-৩/১ডি-০৫/২০০৯,

তারিখঃ ২১ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ।
০৬ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, জামালপুর।
- ৩। জনাব মোঃ সিরাজুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা- ১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের আদেশটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ নূরুল আলম সিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১